# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 09-03-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্যে আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে আজ বিভিন্ন স্বীকৃত রাজনৈতিক দলের পাশাপাশি একাধিক বৈঠক করবে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ।

২) শিলিগুড়িতে রাষ্ট্রপতির প্রটোকল ভঙ্গকে ঘিরে বিতর্কের প্রেক্ষিতে রাজ্যের মুখ্য সচিব, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিবের কাছে রিপোর্ট পাঠিয়েছেন।

৩) রাষ্ট্রপতির গরিমাকে অসম্মান করা হয়েছে বলে অভিযোগ তুলে বিজেপি মুখ্যমন্ত্রীর পদত্যাগ দাবি করেছে।

৪) বিজেপি-র পরিবর্তন যাত্রায় আজ মোট ৯-টি কর্মসূচী রয়েছে।

৫) নিউজিল্যান্ডকে হারিয়ে তৃতীয়বার T20 বিশ্বকাপ ক্রিকেট খেতাব জয় ভারতের।

৬) ঘূর্ণাবর্ত ও নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে আজ দক্ষিণবঙ্গে একাধিক জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা। বয়ে যেতে পারে ঝোড়ো হাওয়া।

ooooooooooooooooooo

রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ গতরাতে কলকাতায় পৌঁছেছেন। কলকাতা বিমানবন্দরে মুখ্য নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনার সহ কমিশনের ফুল বেঞ্চকে স্বাগত জানান রাজ্যের মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী, মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল প্রমুখ। আজ সকাল ১০ টা থেকে ১২ টা পর্যন্ত নির্বাচন কমিশন এরাজ্যের স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকে বসবে। রাজারহাটে আয়োজিত ওই বৈঠকে জাতীয় স্তরে স্বীকৃত ৬টি দল BJP, BSP, CPI(M), কংগ্রেস, আম আদমি পার্টি ও NPP (ন্যাশানাল পিপিলস পার্টি) এবং আঞ্চলিক দল তৃণমূল কংগ্রেস ও ফরোয়ার্ড ব্লক এর প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করবেন। প্রতিটি রাজনৈতিক দলের জন্য ১৫ মিনিট করে সময় বরাদ্দ করা হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন।

( বাইট – আগরওয়াল)

কমিশনের প্রতিনিধিরা আইন বলবৎকারী সংস্থাগুলির নোডাল অফিসারদের সঙ্গেও বৈঠক করবেন। পাশাপাশি নির্বাচনের প্রস্তুতি পর্যালোচনা করতে তারা রাজ্য পুলিশের IG, বিভিন্ন রেঞ্জের DIG, পুলিশ কমিশনার, জেলা নির্বাচনী আধিকারিক ও পুলিশ সুপারদের সঙ্গে আলোচনায় বসবেন।

আগামীকাল নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ রাজ্যের মুখ্য সচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্য পুলিশের ডিজি, কেন্দ্রীয় বাহিনীর নোডাল অফিসার সহ প্রশাসনের বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। বুথ লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা।

এদিকে, মুখ্য নির্বাচন কমিশনার আসার আগেই গতকাল দিল্লি থেকে কলকাতায় এসেছেন সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল'ও।

oooooooooooooooo

এরাজ্যে এস আই আর-এর কাজ করতে ওড়িশা এবং ঝাড়খন্ড থেকে যে ২-শো জন বিচারবিভাগীয় আধিকারিক এসেছেন, নির্বাচন কমিশন গতকাল তাদের ভার্চুয়াল প্রশিক্ষণ দিয়েছে। বিভিন্ন জেলায় নিযুক্ত কয়েকশো আধিকারিকের সঙ্গে তাঁরা কাজে

যোগ দিচ্ছেন। কমিশনের পক্ষ থেকে তাদের বিভিন্ন জেলায় থাকা, খাওয়া সহ অন্যান্য আনুসঙ্গিক ব্যবস্থা করা হয়েছে। তাদের ভার্চুয়াল প্রশিক্ষণ কর্মসূচীতে কলকাতা হাইকোর্টের বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় এবং হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল উপস্থিত ছিলেন।

০০০০০০০০০০০০০০০০০০০

৬০ লক্ষ মানুষ এর ভোটাধিকার বিচারাধীন অবস্থায় রেখে রাজ্যের বিধানসভা নির্বাচন করানো যাবে না এই দাবীতে CPIM গতকাল ভিআইপি রোডে বিক্ষোভ দেখিয়েছে। সেই সময় নির্বাচন কমিশনের পূর্নাঙ্গ বেঞ্চের বিমানবন্দর থেকে ওই পথ দিয়ে যাওয়ার নির্ধারিত কর্মসূচি ছিলো। কৈখালীর কাছে হাতে কালো পতাকা নিয়েও বিক্ষোভে শামিল হন CPIM কর্মিসমর্থকরা।

০০০০০০০০০০০০০০০০০০০

শিলিগুড়িতে আন্তর্জাতিক আদিবাসী ও সাঁওতাল সম্মেলনে রাষ্ট্রপতির প্রোটোকল ভঙ্গকে ঘিরে তৈরি হওয়া বিতর্কের প্রেক্ষিতে রাজ্যের মুখ্যসচিব, কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিবের কাছে রিপোর্ট পাঠিয়েছেন। নবান্ন সূত্রে দাবি করা হয়েছে, প্রশাসনিক প্রোটোকল অনুযায়ীই পুরো বিষয়টি দেখভাল করা হয়েছে। রাষ্ট্রপতির সফরের ব্যাপারে সমস্ত প্রয়োজনীয় তথ্য ও নথি ইতিমধ্যেই কেন্দ্রের কাছে পাঠানো হয়েছে বলেও নবান্ন সূত্রে খবর।

০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতির গরিমাকে অসম্মান করা হয়েছে অভিযোগ তুলে বিজেপি মুখ্যমন্ত্রীর কড়া সমালোচনা করেছে। দিল্লিতে গতকাল এক সাংবাদিক বৈঠকে বর্ষিয়ান বিজেপি নেতা রবি শংকর প্রসাদ বলেন, মুখ্যমন্ত্রী রাষ্ট্রপতিকে অসম্মান এবং অনুপ্রবেশকারীদের অতিথি হিসেবে গ্রহণ করেন। রাজ্যের শাসকদল মুখে সংবিধানের কথা বললেও সংবিধানের সর্বোচ্চ পদে আসীন রাষ্ট্রপতিকে অসম্মান করেন।

(বাইট – রবিশঙ্কর)

আদিবাসী জনজাতিদের প্রতি আসম্মান প্রদর্শনের অভিযোগ তুলে মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবি জানিয়েছেন দলের সাংসদ খগেন মুর্মূ।

(বাইট – খগেন মুর্মূ)

oooooooooooooooooooo

সংসদের বাজেট অধিবেশনের দ্বিতীয় পর্ব আজ শুরু হচ্ছে। চলবে দোসরা এপ্রিল পর্যন্ত। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার অপসারণ চেয়ে বিরোধীদের আনা অনাস্থা প্রস্তাবটি আজ সভায় ওঠার কথা।

কংগ্রেসের তিন সাংসদ মহম্মদ জাভেদ, কে সুরেশ এবং মাল্লু রবি এই অনাস্থা প্রস্তাবের নোটিশ দিয়েছেন। নোটিশ যদি সভায় গৃহীত হয়, তাহলে শ্রী বিড়লা লোকসভা পরিচালনায় থাকতে পারবেন না। তাকে অন্য সদস্যদের সঙ্গে বসতে হবে।

ooooooooooooooooooo

বিজেপি-র পরিবর্তন যাত্রায় আজ মোট ৯-টি কর্মসূচী রয়েছে।

কোচবিহারের মেখলিগঞ্জ বিধানসভার হলদিবাড়ি বাজারে পরিবর্তন যাত্রায় অংশ নেবেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী, সাংসদ রাজু বিস্তা, জয়ন্ত রায় প্রমুখ।

মালদার মানিকচকের বাঁকিপুর দুর্গা মন্দিরে এই কর্মসূচীতে যোগ দেবেন সাংসদ খগেন মুর্মূ, প্রাক্তন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী নিশিথ প্রামানিক প্রমুখ।

নবদ্বীপে পরিবর্তন যাত্রায় উপস্থিত থাকবেন সাংসদ জগন্নাথ সরকার, আলি হোসেন প্রমুখ।

উত্তর ২৪ পরগনার নোয়াপাড়া বিধানসভায় দলীয় কর্মসূচীতে বক্তব্য রাখবেন, বিজেপি-র এরাজ্যের পর্যবেক্ষক অমিত মালবিয়া, রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর প্রমুখ।

দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমা বাজারে পরিবর্তন যাত্রায় ভাষণ দেবেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেব।

হুগলীর তারকেশ্বরে দলীয় এই কর্মসূচীতে অংশ নেবেন সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো।

পূর্ব মেদিনীপুরের খেজুরির বাঁশগোড়াতে জনসভায় ভাষণ দেবেন বিধায়ক অগ্নিমিত্রা পাল, সৌমেন্দু অধিকারী প্রমুখ।

বাঁকুড়ার রানি বাঁধে জনসভায় উপস্থিত থাকবেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

বর্ধমানের কার্জন গেটের কাছে দলীয় এই কর্মসূচীতে বক্তব্য রাখবেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী ডাক্তার মানিক সাহা, প্রাক্তন বিজেপি-র রাজ্য সভাপতি দিলীপ ঘোষ প্রমুখ।

০০০০০০০০০০০০০০০০০০০

স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-ডি শিক্ষাকর্মী পদে নিয়োগের পরীক্ষায় আবেদনকারীদের মধ্যে ৮৬ শতাংশ পরীক্ষা দিয়েছেন। গতকাল নির্বিঘ্নেই মিটেছে গ্রুপ-ডি -র লিখিত পরীক্ষা। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন, ৮ লক্ষ ১৭ হাজার ৩৪ জন পরীক্ষার্থীর মধ্যে ৮৬ শতাংশ পরীক্ষার্থী ৫ হাজার ৪০০ -র বেশি শূন্যপদের জন্য পরীক্ষা দিয়েছেন। ১ হাজার ৭০৭ টি কেন্দ্রে পরীক্ষা হয়েছে। অন্য রাজ্য থেকে এসেছিলেন ২ হাজার ৭৫১ জন পরীক্ষার্থী ।

উল্লেখ্য, সুপ্রিম কোর্ট নিয়োগে অনিয়মের জন্য ২০১৬-র SSC-র গ্রুপ ডি প্যানেল বাতিল করে নতুন ভাবে পরীক্ষা নেওয়ার নির্দেশ দিয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০০০

নিউজিল্যান্ডকে ৯৬ রানে হারিয়ে ভারত তৃতীয়বার টি -২০ বিশ্বকাপ চ্যাম্পিয়ন হয়েছে। আহমেদাবাদের নরেন্দ্র মোদী স্টেডিয়ামে গতকাল ফাইনাল ম্যাচে নিউজিল্যান্ড টসে জিতে ভারতকে ব্যাট করতে পাঠায়। ভারত ২০ ওভারে ৫ উইকেটে ২৫৫ রান তোলে। টি -২০ বিশ্বকাপের ফাইনালে এটি এখনো পর্যন্ত কোনো দলের সর্বোচ্চ স্কোর। নিউজিল্যান্ড ব্যাট করতে নেমে ১৯ ওভারে ১৫৯ রানে অলআউট হয়ে যায়।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অরিজিৎ)

এই প্রথম কোনো আয়োজক দেশ টি -২০ বিশ্বকাপ চ্যাম্পিয়ন হলো। জশপ্রীত বুমরাহ ম্যাচের সেরা হয়েছেন। সঞ্জু স্যামসন টুর্নামেন্টের সেরা হয়েছেন।

oooooooooooooooooooo

নিম্নচাপ অক্ষরেখা ও ঘূর্ণাবর্তের প্রভাবে আজ দক্ষিণবঙ্গের দক্ষিণের জেলা গুলোতে ঝোড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎসহ বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পশ্চিমী ঝঞ্ঝার কারণে উত্তরবঙ্গেও দমকা বাতাসের সঙ্গে বৃষ্টির পূর্বাভাস রয়েছে । উত্তরবঙ্গে তাপমাত্রার বিশেষ পরিবর্তন না হলেও দক্ষিণবঙ্গে আগামী বুধবার থেকে তাপমাত্রা আবারো বৃদ্ধি পাবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৪ ডিগ্রী সেলসিয়াস স্বাভাবিকের থেকে ২ দশমিক ৩ ডিগ্রি বেশি।

ooooooooooooooooooo

ooooooooooooooooooo

oooooooooooooooooooo

oooooooooooooooooooo